# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

1969 to 2029 ECHO OF HIS CALL SINCE 1969

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor : Rev. Dr. ANJAN KUMAR SINGH

**Vol. XXVIII YEAR OF OUR LORD JESUS CHRIST, 2026 SEPTEMBER No 08**


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীতসংহিতা ১০৩: ১-১০

১। হে আমার প্রাণ, সদাপ্রভুর প্রশংসা করো; হে আমার অন্তরস্থ সকল, তাঁর পবিত্র নামের প্রশংসা করো।

২। হে আমার প্রাণ, সদাপ্রভুর প্রশংসা করো;এবং তাঁর সকল উপকার ভুলে যেয়ো না—

৩। যিনি তোমার সমস্ত পাপ ক্ষমা করেন আর তোমার সকল রোগ ভালো করেন,

৪। যিনি তোমার জীবন মৃত্যু থেকে মুক্ত করেন আর তোমাকে প্রেম ও করুণার মুকুটে ভূষিত করেন,

৫। তিনি উত্তম দ্রব্যে তোমার মনোবাসনা পূর্ণ করেন, যেন ঈগল পাখীর ন্যায় তোমার যৌবন নতুন হয়।

৬। সদাপ্রভু ধর্মকার্য সাধন করেন আর পীড়িতদের প্রতি ন্যায়বিচার করেন।

৭। তিনি মোশির কাছে আপন পথসকল প্রকাশ করেছিলেন,তাঁর কার্যাবলি ইস্রায়েলের ভক্তজনদের প্রতি:

৮। সদাপ্রভু কৃপাময় ও স্নেহশীল,ক্রোধে ধীর, দয়াতে মহান।

৯। তিনি ক্রমাগত আমাদের অভিযুক্ত করবেন না, তিনি চিরকাল ক্রোধ মনে পোষণ করবেন না;

১০। তিনি আমাদের প্রতি আমাদের পাপের অনুযায়ী আচরণ করেন না অথবা আমাদের অপরাধের অনুযায়ী আচরণ করেন না অথবা আমাদের অপরাধের অনুযায়ী আমাদের প্রতিফল দেন না।

## স্মরণ করার বিষয়টি মনে রাখুন !

**REMEMBER TO REMEMBER!**

(সিস্টার যেশী বীণা স্যাম)

"তিনিই কয়েকজনকে প্রেরিতশিষ্য, কয়েকজনকে ভাববাদী, কয়েকজনকে সুসমাচার প্রচারক এবং কয়েকজনকে পালক ও শিক্ষকরূপে দান করেছেন" (ইফিষীয় ৪:১১)



দূর দূরান্তে থাকা আমাদের বর্ধিত 'তাঁর আহ্বানের প্রতিধ্বনি' পরিবারের সকল সদস্যকে আমাদের প্রভু ও ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের চমৎকার নামে শুভাচ্ছা জানাই।

আমাদের মাসিক পত্রিকার মাধ্যমে আপনাদের সবার সাথে যুক্ত হতে পারা সর্বদা একটি আনন্দ এবং সৌভাগ্যের বিষয়।এই পত্রিকাটি যদি আপনার জন্য আশীর্বাদস্বরূপ হয়ে থাকে,তবে নির্দ্বিধায় আমাদের লিখুন।

আমরা আপনাদের মূল্যবান পরামর্শ এবং মতামত পেলে অত্যন্ত কৃতজ্ঞ হব।

**শুভ শিক্ষক দিবস !**

যাঁরা আমাদের শিক্ষা দিয়েছেন এবং প্রভাবিত করেছেন তাঁদের স্মরণ করছি!

পরবর্তী প্রজন্মের মনকে আলোকিত করার জন্য জীবন উৎসর্গকারী সমস্ত শিক্ষকদের শিক্ষক দিবসের অনেক অনেক শুভেচ্ছা!

**"তিনিই কয়েকজনকে প্রেরিতশিষ্য, কয়েকজনকে ভাববাদী, কয়েকজনকে সুসমাচার প্রচারক এবং কয়েকজনকে পালক ও শিক্ষকরূপে দান করেছেন"** (ইফিষীয় ৪:১১)

আমি আন্তরিকভাবে বিশ্বাস করি যে ঈশ্বর আমাদের যে প্রথম শিক্ষক দিয়েছেন, তাঁরা হলেন আমাদের বাবা-

(ক্রমশঃ, ৩পাতায়)


তাঁর আহ্বানের প্রতিধ্বনি



প্রতিদিন খ্রীষ্টিয়ান **ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল !**

পাস্টর এস. স্যাম সেলভা রাজ কর্তৃক

২ মিনিটের বাণী প্রচার !!

ইংরাজী এবং হিন্দি ভাষায় - ভোর ১ ঘটিকায়

তামিল এবং তেলুগু ভাষায় - ভোর ২ ঘটিকায়

এবং তামিল ও ইংরাজী ভাষায় বাণী প্রচার এবং প্রার্থনা

রবিবার সকাল ৮.৩০ এবং সন্ধ্যা ৬.০০

অনুগ্রহ করে সাবস্ক্রাইব করুন ও শেয়ার করুন !!

আহ্বানের প্রতিধ্বনি – (Marching towards 60th year)
Estd. 1969



## from your dearly beloved brother...



**"... আমি তাহাদের দেশ আরোগ্য করিব।"**
**(২ বংশা ৭:১৪)**

প্রভুতে প্রিয় বন্ধুগণ,

আমাদের প্রভু ও ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের অতুলনীয় নামে আপনাদের প্রত্যেককে শুভেচ্ছা জানাই!

ঈশ্বরের অনুগ্রহের প্রাচুর্যের দ্বারা আমাদের পরিচর্যা ১০ই আগস্ট ৫৮তম বর্ষে প্রবেশ করেছে। ৮ই এবং ৯ই আগস্ট, আমাদের প্রধান মণ্ডলীতে অনুষ্ঠিত বিশেষ আত্মিক সভাগুলিকে প্রচুর আশীর্বাদ করার জন্য আমরা প্রভুর প্রশংসা করি এবং ধন্যবাদ দিই। আমরা আপনাদের প্রত্যেকের কাছে গভীরভাবে কৃতজ্ঞ, যাঁরা বছরের পর বছর ধরে বিশ্বস্ততার সঙ্গে আমাদের পাশে দাঁড়িয়েছেন এবং এই পরিচর্যায় অংশীদার হয়েছেন। প্রভু আপনাদের ভালোবাসা, প্রার্থনা এবং অবিচল সমর্থনের জন্য আপনাদের প্রত্যেককে প্রচুর আশীর্বাদ করুন।

৫ই জুলাই, সিস্টার জে. ভিকটোরিয়া, যিনি নহিমিয় বাইবেল কলেজের একজন গ্রাজুয়েট (ডিপ্লোমা ইন থিওলজি) এবং বর্তমানে চেন্নাইয়ের এন্নোর এলাকায় প্রভুর সেবা করছেন, তিনি তাঁর ছেলে জে. আনবুরাজকে ছাত্র হিসেবে ভর্তি করাতে কলেজে এসেছিলেন।



এই মূল্যবান পুনর্মিলন আমাদের হৃদয়কে কৃতজ্ঞতা, আনন্দ এবং নতুন উৎসাহে ভরিয়ে দিয়েছে।। একজন প্রাক্তন ছাত্রীকে বিশ্বস্ততার সাথে প্রভুর সেবা করতে দেখা এবং এখন পরবর্তী প্রজন্মকে পরিচর্যার প্রশিক্ষণের জন্য নিয়ে আসতে দেখা ঈশ্বরের বিশ্বস্ততার এক অসাধারণ সাক্ষ্য। নীচে সিস্টার ভিকটোরিয়ার সাক্ষ্যের একটি সারাংশ দেওয়া হলো:

*"ঈশ্বরের অনুগ্রহে, ২০১১-২০১২ শিক্ষাবর্ষে 'ইকো অফ হিজ কল মিনিস্ট্রিজ'-এর অধীনে নহিমিয় বাইবেল কলেজে পড়াশোনা করার সৌভাগ্য আমার হয়েছিল। প্রথম দিন থেকেই আমি শিখেছি যে বাইবেল কেবল অধ্যয়নের কোনো বই নয়, বরং এটি ঈশ্বরের জীবন্ত বাক্য যা প্রতিদিন মেনে চলতে হবে এবং জীবনে প্রয়োগ করতে হবে। আমি যে প্রশিক্ষণ পেয়েছি তা আমাকে ঈশ্বরের ইচ্ছা বুঝতে এবং তাঁর প্রতি বিশ্বাসযোগ্য আনুগত্যের সাথে চলতে সাহায্য করেছে।*

### আমাদের মিশনের নীতি

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

HON. EDITOR-IN-CHIEF
Rev. Dr. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.
EX MANAGING EDITOR
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.
GENERAL MANAGER
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM, MBA
ADMINISTRATION
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)
EDITORIAL BOARD
Sis. Sajini Cherian
Rev. Dr. J. John Rajarathnam, B.E.S., B.D., M.Th.
Rev. Dr. K.R. Rajasekaran
Adv. N. Balaji, B.Com., M.L.

EDITOR, PUBLISHER & PRINTER
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293
Cell : (+91) 98410 71852, 98412 71858
E.MAIL
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in
WEBSITES
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.org
YOUTUBE CHANNEL
Echo of His Call

*নীতিগুলো আমার আত্মিক জীবন এবং পরিচর্যার জন্য একটি শক্ত ভিত্তি হয়ে উঠেছিল। আমার মধ্যে গেঁথে দেওয়া মূল্যবোধগুলো — প্রার্থনা, শৃঙ্খলা, নম্রতা, সততা, সময়ানুবর্তিতা এবং পরিচর্যার জন্য একটি স্পষ্ট দর্শন—আজও প্রভুর সেবায় আমাকে শক্তিশালী ও পরিচালিত করে চলেছে।*

*এই প্রতিষ্ঠানের মাধ্যমে আমার জীবনকে গড়ে তোলার জন্য আমি ঈশ্বরকে সর্বান্তকরণে ধন্যবাদ জানাই। প্রশিক্ষণ চলাকালীন যাঁরা আমাকে ভালোবাসার সাথে শিক্ষা দিয়েছেন, পথ দেখিয়েছেন, উৎসাহিত করেছেন এবং আমার জন্য প্রার্থনা করেছেন, সেই শিক্ষকমণ্ডলী এবং প্রশাসনের প্রতি আমি গভীরভাবে কৃতজ্ঞ। আমার আন্তরিক প্রার্থনা যে 'ইকো অফ হিজ কল মিনিস্ট্রিজ' ঈশ্বরের রাজ্যের জন্য আরও অনেক যুবক-যুবতীকে প্রস্তুত করে তুলবে এবং তাদেরকে পৃথিবীর লবণ ও জগতের জ্যোতি হিসেবে গড়ে তুলবে।"* — সিস্টার ভিকটোরিয়া

আমরা আমাদের সমস্ত পাঠক এবং **'তাঁর আহ্বানের প্রতিধ্বনি'** পরিবারের প্রতিটি সদস্যকে আপনাদের নিরবিচ্ছিন্ন ভালোবাসা, বিশ্বস্ত প্রার্থনা এবং উদার সহায়তার জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আপনাদের অংশীদারিত্ব আমাদের সুসমচার প্রচার অব্যাহত রাখতে এবং ঈশ্বরের সেবার জন্য বিশ্বাসীদের প্রস্তুত করতে সক্ষম করে।

আমাদের প্রভু যীশু খ্রীষ্টের প্রচুর অনুগ্রহ,শান্তি এবং আশীর্ব্বাদ আপনাদের সকলের সাথে থাকুক।

আমেন!

প্রভু যীশু খ্রীষ্টে আপনাদের ভাই,,
**পাস্টর এস. স্যাম সেলভা রাজ**
E.mail : sam@echoofhiscall.org

(ক্রমশঃ, ১ পাতার পর)

মা। তাঁরাই আমাদের জীবনের প্রথম শিক্ষা দেন এবং আমাদের প্রথম পদক্ষেপগুলিতে পথ দেখান।

ভারতে প্রতি বছর ৫ই সেপ্টেম্বর শিক্ষক দিবস পালিত হয়। ভারতের দ্বিতীয় রাষ্ট্রপতি ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণানের জন্মবার্ষিকী উপলক্ষে এই দিনটি পালন করা হয়, যিনি শিক্ষকদের অত্যন্ত মূল্যায়ন করতেন এবং



ভবিষ্যৎ প্রজন্মের মন গঠনে তাঁদের গুরুত্বপূর্ণ ভূমিকা স্বীকার করেছিলেন।

আমি ভাবি,আমাদের মধ্যে কতজন এখনও আমাদের স্কুলের শিক্ষক, রবিবার স্কুলের শিক্ষক এবং বাইবেল কলেজের শিক্ষকদের কথা মনে রেখেছেন। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়টি হলো,আমরা কি আমাদের প্রাইমারী স্কুলের শিক্ষক/শিক্ষিকাদের মনে রেখেছি যাঁরা আমাদের শিখিয়েছিলেন কীভাবে পেনসিল ধরতে হয় এবং কীভাবে প্রথম অক্ষরটি লিখতে হয় এবং প্রথম সংখ্যাটি গুণতে হয়?

সময় পার হওয়ার সাথে সাথে, আমরা প্রায়শই সেই মইটির কথা ভুলে যাই যা বেয়ে আমরা আজকের এই স্থানে পৌঁছেছি।

আমার মা, শ্রীমতি জয়সীহিলি সেলভান, ৩২ বছর ধরে এক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা ছিলেন। তিনি আমাদের এলাকার কয়েক প্রজন্মের শিশুদের সমস্ত শিক্ষাগত বিষয় পড়িয়েছেন। তিনি আমাদের সাণ্ডে স্কুলেরও শিক্ষিকা ছিলেন, যিনি আমাদের প্রভু ও ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের সাথে পরিচয় করিয়ে দিয়েছিলেন।

তিনি কেবল একজন শিক্ষিকাই ছিলেন না, তিনি এমন এক মাধ্যম ছিলেন যার সাহায্যে অনেক শিশু তাদের সাধারণ শিক্ষা এবং আধ্যাত্মিক জীবন উভয় ক্ষেত্রেই অল্প বয়সেই প্রভু যীশু খ্রীষ্টের পরিচয় পেয়েছিল।

তিনি আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনির প্রথম সাণ্ডে স্কুলের শিক্ষিকাও ছিলেন, যার মাধ্যমে আমাদের বর্তমান চার্চের অনেক নেতা এবং সহকারী পাস্টরদের গড়ে তোলা হয়েছিল।

আমি তাঁর জীবনের জন্য ঈশ্বরকে ধন্যবাদ জানাই এবং আমাদের প্রভু ও ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের প্রতি তাঁর অবিচল বিশ্বাসকে কৃতজ্ঞতার সাথে স্মরণ করি।

**স্মরণ করার বিষয়টি মনে রাখুন!**

বাইবেল আমাদের বার বার স্মরণ রাখতে শেখায়। প্রভুকে স্মরণ করুন, যিনি আমাদের জন্য মহান কাজ করেছেন।

ভুলে যাওয়া কেবল স্মৃতির অভাব বা ব্যর্থতা নয়। বাইবেল এটিকে আরও অনেক গুরুতর কিছু হিসাবে তুলে ধরে। কৃতজ্ঞ হওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ শাস্ত্র বা বাইবেলে উল্লেখিত সবচেয়ে নিস্তব্ধ অথচ বিপদ-জনক পাপগুলির মধ্যে একটি হলো ভুলে যাওয়ার পাপ।




## অত্যন্ত জরুরী বিজ্ঞপ্তি

অদূর ভবিষ্যতে **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ডাক মারফৎ প্রেরণের বিষয় অবশ্যম্ভাবী বাধার সম্মুখীন হতে পারে। আপনি যদি বাধাহীনভাবে নিয়মিত পত্রিকাটি পেতে চান, তাহলে এখনই পত্র, ইমেল, ফোন কল, অথবা এসএমএস/ হোয়াটস্ অ্যাপ বার্তার মাধ্যমে আপনার নাম, ঠিকানা, ইমেল, হোয়াটস্ অ্যাপ নম্বর পাঠিয়ে দিন।

আপনার সহায়তা আরও উত্তমরূপে পরিষেবা দিতে আমাদের সাহায্য করবে!

**Our address:**

**ECHO OF HIS CALL,**
**10, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005, India**
**Cell: (+91) 98412 71858 / 98410 71858 E.mail: sam@echoofhiscall.org**

আমরা প্রায়শই পাপকে খুব স্পষ্ট বা দৃশ্যমান কিছু হিসাবে মনে করি- যেমন বিদ্রোহ, রাগ, অসততা, অনৈতিকতা বা অহংকার। কিন্তু বাইবেল আমাদের হৃদয়ের আরও একটি সূক্ষ্ম অবস্থা সম্পর্কে সতর্ক করে: ঈশ্বরকে ভুলে যাওয়া এবং তাঁর ধার্মিকতা বা মঙ্গল-ভাবকে ভুলে যাওয়া।

ঈশ্বরের বাক্য আমাদের সতর্ক করে এবং স্মরণ করিয়ে দেয়:

♦ দ্বি.বি. ৬:১২, "**...সেই সদাপ্রভুকে ভুলিয়া যাইও না...।**"

♦ দ্বি.বি. ৮:২, "**আর তুমি সেই সমস্ত পথ স্মরণে রাখিবে, যে পথে তোমার ঈশ্বর সদাপ্রভু তোমাকে এই চল্লিশ বৎসর প্রান্তরে যাত্রা করাইয়াছেন...।**"

♦ গীতসংহিতা ১০৩:২ "**হে আমার প্রাণ, সদাপ্রভুর ধন্যবাদ কর, তাঁহার সকল উপকার ভুলিয়া যাইও না।**"

♦ ১ বংশাবলি ১৬:১২ "**স্মরণ কর তাঁহার কৃত আশ্চর্য্য কর্ম্মসকল, তাঁহার অদ্ভুত লক্ষণ ও তাঁহার মুখের শাসন সকল।**"

♦ গীতসংহিতা ৭৭:১১-১২: "**আমি সদাপ্রভুর কর্ম সকল উল্লেখ করিব; তোমার পূর্ব্বকালীন আশ্চর্য ক্রিয়া সকল স্মরণ করিব। আমি তোমার সমস্ত কর্ম ধ্যানও করিব, তোমার ক্রিয়া সকল আলোচনা করিব।**"

বাইবেলে ভুলে যাওয়ার বিষয়টি শুধুমাত্র স্মৃতির ব্যর্থতা নয়;এটি কৃতজ্ঞতার ব্যর্থতাও হতে পারে।

এটি তখন ঘটে যখন একজন ব্যক্তি আশীর্বাদ উপভোগ করেন কিন্তু আশীর্বাদের উৎসকে উপেক্ষা করেন। এটি তখন ঘটে যখন কেউ দয়া বা অনুগ্রহ লাভ করেন কিন্তু তাঁর প্রতি প্রদর্শিত দয়াকে স্বীকার করতে ব্যর্থ হন। এটি তখন ঘটে যখন মানুষ আজ তারা যেখানে আছে তা উদযাপন করে, অথচ তাদের সেখানে পৌঁছাতে সাহায্যকারী ব্যক্তিদের ত্যাগ, প্রার্থনা এবং বিশ্বস্ততার কথা ভুলে যায়।

পুরো বাইবেল জুড়ে, আমরা এমন কিছু মানুষকে পাই যারা অন্যদের মহত্ত্বের মাধ্যমে আশীর্বাদপ্রাপ্ত হয়েছিলেন, কিন্তু তবুও তা মনে রাখতে ব্যর্থ হয়েছিলেন। তাদের এই গল্পগুলি কেবল তাদের সমালোচনা করার জন্য লেখা হয়নি;এগুলি আমাদের জন্য সতর্কতা হিসাবে লেখা হয়েছে।

আমাদের নিজেদের কাছে যে প্রশ্নটি জিজ্ঞাসা করা উচিত তা হলো:

আমরা কি কখনও ঈশ্বরের আশীর্বাদ উপভোগ করেছি এবং সেই মানুষদের ভুলে গেছি যাদের ঈশ্বর আমাদের আশীর্বাদ করার জন্য ব্যবহার করেছিলেন?

## ১। বিস্মৃত অনুগ্রহ: যোষেফ এবং পানপাত্র বাহক! আদিপুস্তক ৪০-৪১!

যোষেফের জীবনযাত্রা প্রত্যাখ্যান এবং হতাশায় পরিপূর্ণ ছিল। তাঁর নিজের ভাইয়েরাই তাঁর সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছিল, তাঁকে দাস হিসেবে বিক্রি করে দিয়েছিল এবং পরিবারের আরামদায়ক পরিবেশ থেকে তাঁকে বিচ্ছিন্ন করেছিল। তবুও মিসরেও ঈশ্বর যোষেফের সাথেই ছিলেন।

পোটিফরের স্ত্রীর মিথ্যা অভিযোগে অভিযুক্ত হওয়ার পর, যোষেফকে কারাগারে নিক্ষেপ করা হয়। এমনকি সেখানেও, ঈশ্বর তাঁকে অনুগ্রহ দান করেছিলেন এবং তাঁর স্বপ্নের অর্থ ব্যাখ্যা করার ঐশ্বরিক উপহারকে ব্যবহার করেছিলেন।

একদিন, ফরৌণের পানপাত্রবাহক এবং রুটি প্রস্তুতকারক যোষেফের সাথে কারাগারে বন্দী হন। উভয়েই উদ্বেগজনক স্বপ্ন দেখেছিলেন এবং যোষেফ, ঈশ্বর প্রদত্ত প্রজ্ঞার মাধ্যমে, সেই স্বপ্নগুলির অর্থ বুঝিয়ে বলেন। সেই ব্যাখ্যা সত্য প্রমাণিত হয় এবং পানপাত্র পরিবেশক ফরৌণের রাজপ্রাসাদে তাঁর পদমর্যাদা ফিরে পান।

পানপাত্র বাহক যখন প্রস্থান করার প্রস্তুতি নিচ্ছিলেন, যোষেফ একটি সাধারণ অনুরোধ করেন:

"**কিন্তু বিনয় করি, যখন আপনার মঙ্গল হইবে, তখন আমাকে স্মরণে রাখিবেন, এবং আমার প্রতি দয়া করিয়া ফরৌণের হস্তে পানপাত্র দিবেন**" (আদি ৪০:১৪)।

যোষেফ কোনো পুরস্কার চাননি। তিনি শুধু স্মরণ করার অনুরোধ করেছিলেন।

***কিন্তু বাইবেল একটি বেদনাদায়ক বাস্তবতা নথিভুক্ত করে:***

"**তথাপি প্রধান পানপাত্রবাহক যোষেফকে স্মরণ করিল না, ভুলিয়া গেল**" (আদি ৪০:২৩)।

যোষেফ যখন কারাগারে রয়ে গেলেন, তখন পানপাত্র বাহক তাঁর আরামদায়ক জীবনে ফিরে যান। যে ব্যক্তি আশা পেয়েছিলেন, তিনি সেই ব্যক্তিকেই ভুলে গেলেন যাঁর মাধ্যমে ঈশ্বর তাঁকে আশা দিয়েছিলেন।

কখনও কখনও মানুষ তাদের প্রতি দেখানো দয়া ভুলে যায়, কারণ তারা নিজেদের আশীর্বাদ নিয়ে এতটাই মগ্ন হয়ে পড়ে। পানপাত্র পরিবেশক আর কারাগারে ছিলেন না এবং হয়তো তাঁর অতীতের কষ্ট দ্রুত ফিকে হয়ে গিয়েছিল। যোষেফের কষ্টের চেয়ে তাঁর নিজের স্বাধীনতা তাঁর কাছে বেশি গুরুত্বপূর্ণ হয়ে উঠেছিল।

কিন্তু মানুষের ভুলে যাওয়া ঈশ্বরের বিশ্বস্ততাকে কখনও বাতিল করে দেয় না।

আরও দুই বছর ধরে, যোষেফ মানুষের কাছে বিস্মৃত ছিলেন, কিন্তু ঈশ্বরের কাছে তিনি কখনোই বিস্মৃত হননি। আমেন!

নির্দিষ্ট সময়ে, ঈশ্বর এমন এক দরজা খুলে দিয়েছিলেন যা কোনো মানুষ বন্ধ করতে পারতো না। যোষেফ একদিনের মধ্যেই কারাগার থেকে রাজপ্রাসাদে পৌঁছে গিয়েছিলেন।

প্রিয় ভাই ও বোনেরা, এই গল্পটি আমাদের স্মরণ করিয়ে দেয় যে, মানুষ আমাদের মনে রাখছে কি না বা আমাদের কাজকে স্বীকৃতি দিচ্ছে কি না, তা দিয়ে,আমাদের নিজেদের মূল্য পরিমাপ করা উচিত নয়। আমাদের পুরস্কার কেবল মানুষের স্বীকৃতির ওপর নির্ভর করে না। ঈশ্বর আমাদের প্রতিটি দয়ার কাজ,প্রতিটি ত্যাগ এবং বিশ্বস্ততার প্রতিটি মুহূর্ত দেখতে পান।

**উৎসাহিত হন:**

"**...তোমার পিতা,যিনি গোপনে দেখেন, তিনি তোমাকে ফল দিবেন**" (মথি ৬:৬)।

কিন্তু এই গল্পটি আমাদের চ্যালেঞ্জ করে:

- চলার পথে আমাদের কে সাহায্য করেছিলেন যাদের আমরা ভুলে গেছি?
- আমরা যখন কষ্টে ছিলাম,তখন আমাদের জন্য কে প্রার্থনা করেছিলেন?
- আমরা যখন হাল ছেড়ে দিতে চেয়েছিলাম,তখন কে আমাদের উৎসাহিত করেছিলেন?

আমরা যেন কখনোই এমন মানুষ না হয়ে উঠি যারা নিজেদের আশীর্বাদগুলোর কথা মনে রাখি কিন্তু যারা আমাদের বোঝা বইতে সাহায্য করেছিলেন তাদের ভুলে যাই।

## ২। বিস্মৃত পিতা: যোয়াশ এবং যিহোয়াদা!

২ বংশাবলি ২৪!

রাজা যোয়াশের গল্পটি বিস্মৃত বিশ্বস্ততার অন্যতম এক করুণ উদাহরণ।

(ক্রমশঃ, ৬ পাতায়)

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)



প্রার্থনার অনুরোধসমূহ (১৯শে সেপ্টেম্বর থেকে ১৮ই অকটোবর ২০২৬ পর্যন্ত)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

### প্রশংসার বিষয়সমহ

**সেপ্টেম্বর ১৯ :** আমাদের মিশন কর্মীদের অনন্য প্রতিশ্রুতি এবং বিশ্বস্ত সেবার জন্য।

**দিন ২০:** আমাদের প্রার্থনার অংশীদার, গ্রাহক অংশীদার, বিশ্বাসী অংশীদার, আজীবন সদস্য অংশীদার, মহান আদেশ অংশীদার, অনুরোধ অংশীদার এবং তাঁদের পরিবারের প্রতি তাঁর অশেষ করুণার জন্য।

**দিন ২১:** আমাদের প্রধান মণ্ডলীতে নতুন বিশ্বাসীদের যোগদানের আশীর্বাদের জন্য।

**দিন ২২:** প্রধান মণ্ডলী এবং আমাদের শাখা মণ্ডলী উভয় স্থানেই রবিবারের উপাসনা সেবার মাধ্যমে ঈশ্বরীয় বাক্যের ক্ষমতার জন্য।

**দিন ২৩:** আমাদের গসপেল প্রিন্টিং প্রেসের নিরবচ্ছিন্ন কার্যপরিচালনা এবং এর দক্ষ কর্মীদের নিবেদিত সেবার জন্য।

**দিন ২৪:** আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব মিডিয়া মিনিস্ট্রি দুই মিনিটের বাণী প্রচারের মাধ্যমে রূপান্তরিত জীবনের সাক্ষ্যের জন্য।

**দিন ২৫:** সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজ এবং আমাদের বাইবেল করেসপণ্ডেন্স পাঠক্রমগুলির ওপর তাঁর আশীর্বাদের জন্য।

**দিন ২৬:** আমাদের সহযোগী সম্পাদকদের দ্বারা আমাদের পরিচর্যা কাজকে আশীর্বাদ করার জন্য যাঁরা আমাদের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকা** প্রকাশে বিশ্বস্তভাবে সহযোগিতা করে আসছেন।

**দিন ২৭:** আমাদের সিনিয়র পাস্টর এবং আমাদের বিভিন্ন সেবাকাজের মাধ্যমে সুসমাচার প্রচারের প্রতি তাঁর অবিচল অঙ্গীকারের জন্য।

**দিন ২৮:** আমাদের বরিষ্ঠ পালক, পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারকে ঐশ্বরিক সুরক্ষা, সুস্বাস্থ্য ও শক্তি দিয়ে আশীর্বাদ করার জন্য।

**দিন ২৯:** **নহিমিয় বাইবেল কলেজের** সমাবর্তন অনুষ্ঠানটি চমৎকার ও আশীর্বাদপূর্ণ উপায়ে পরিচালনা করতে আমাদের সমর্থ করার জন্য।

**দিন ৩০:** আমাদের সেবা কাজের যানবাহনগুলোকে রক্ষা করা এবং আমাদের চালকদের নিরাপত্তা দান করার জন্য।

**অকটোবর ০১:** আমাদের হাসপাতাল পরিচর্যার মাধ্যমে অলৌকিক কাজ করার জন্য।

**দিন ০২:** আমাদের প্রধান মণ্ডলীর মহিলা সহভাগিতাকে আশীর্বাদ করার জন্য।

**দিন ০৩:** তরুণ ও শিশুদের পরিচর্যা কাজের জন্য আমাদের **'গ্লোবাল ভিশনকে'** আশীর্বাদ করার জন্য।

### প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৪:** আমাদের নহিমিয় বাইবেল কলেজের শিক্ষার্থীদের ঈশ্বরীয় সুরক্ষার জন্য।

**দিন ৫:** বিশ্বজুড়ে অশান্তি এবং যুদ্ধের আশঙ্কার মধ্যে সমস্ত জাতির ওপর ঈশ্বরের সুরক্ষার জন্য। বিশ্বজুড়ে শান্তি, স্থিতিশীলতা এবং সম্প্রীতির জন্য প্রার্থনা করুন।

**দিন ৬:** বৈশিক অর্থনৈতিক মন্দার যেন অবসান ঘটে, যা ভুক্তভোগীদের জন্য স্বস্তি ও আশা নিয়ে আসবে।

**দিন ৭:** বিশ্বজুড়ে মনুষের মৌলিক চাহিদা মেটাতে ঈশ্বরের জোগানের জন্য।

**দিন ৮:** ঈশ্বরের প্রাচুর্যময় ধন অনুসারে আমাদের পরিচর্যার আর্থিক প্রয়োজন যেন মেটানো হয়।

**দিন ৯:** শাসনব্যবস্থা ও উন্নয়নের প্রতিটি ক্ষেত্রে সকল জাতির মধ্যে ঐক্য, শান্তি, প্রজ্ঞা এবং অগ্রগতির জন্য।

**দিন ১০:** আমাদের সমস্ত পরিচর্যার ধারাবাহিক বৃদ্ধি ও প্রসারের জন্য, যেন আমরা আরও অনেক মানুষের কাছে সুসমাচার পৌঁছে দিতে পারি।

**দিন ১১:** সুদৃঢ় সীমান্ত নিরাপত্তা এবং সমস্ত জাতির জন্য ধার্মিক ও কার্যকর শাসনব্যবস্থার জন্য।

**দিন ১২:** স্কুলের সমস্ত শিশুদের ওপর ঈশ্বরের সুরক্ষার জন্য।

**দিন ১৩:** আমাদের সহযোগী সম্পাদক এবং তাঁদের পরিবারের সদস্যদের জন্য।

**দিন ১৪:** পৃথিবীতে ঈশ্বরের রাজ্য গড়ার জন্য আমরা যখন কাজ করি, তখন ঈশ্বর যেন আমাদের আরও মহৎ দৃষ্টিভঙ্গি, প্রজ্ঞা এবং নির্দেশনা দান করেন।

**দিন ১৫:** আমাদের বরিষ্ঠ পালক পাস্টর এস.স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারকে সমস্ত মন্দ শক্তি ও বিপদ থেকে ঈশ্বরীয় সুরক্ষা, সুস্বাস্থ্য এবং নিরাপত্তার জন্য।

**দিন ১৬:** বিশ্বজুড়ে বন্দীদের পরিত্রাণের জন্য।

**দিন ১৭:** আমাদের দেশের তরুণ-তরুণীরা যেন ঈশ্বরের ঘনিষ্ঠ হয়ে চলে এবং তাঁর বাক্য অনুসারে জীবনযাপন করে।

**দিন১৮:** ঈশ্বর যেন আরও অনেক প্রার্থনার বীরদের তৈরী করেন, যাঁরা বিশ্বজুড়ে আত্মিক জাগরণের জন্য বিশ্বস্ততার সাথে মধ্যস্থতা করবেন।

*(ক্রমশঃ ৪ পৃষ্ঠার পর থেকে)*

যোয়াশ মাত্র সাত বছর বয়েসে যিহূদার রাজা হন। তাঁর বেঁচে থাকাটাই ছিল এক অলৌকিক ঘটনা। তাঁর ঠাকুমা অথলিয় যখন রাজপরিবারকে ধ্বংস করার চেষ্টা করেছিলেন, তখন যোয়াশকে উদ্ধার করে মন্দিরে লুকিয়ে রাখা হয়েছিল।

যে ব্যক্তি তাঁকে রক্ষা করেছিলেন, তিনি ছিলেন যাজক যিহোয়াদা।

যিহোয়াদা কেবল যোয়াশের প্রাণ রক্ষাই করেননি। তিনি তাঁকে পরিচালনা করেছিলেন, তাঁকে ঈশ্বরের পথ শিখিয়েছিলেন এবং যিহূদায় সত্য আরাধনা পুনঃপ্রতিষ্ঠা করতে সাহায্য করেছিলেন। যিহোয়াদার নেতৃত্বে, যোয়াশ সদাপ্রভুর দৃষ্টিতে যা সঠিক তা করেছিলেন।

বহু বছর ধরে, যোয়াশ ঈশ্বরের এই বিশ্বস্ত দাসের জ্ঞান ও আত্মিক নির্দেশনা থেকে উপকৃত হয়েছিলেন। কিন্তু যিহোয়াদার মৃত্যুর পর, সবকিছু বদলে গেল।

যোয়াশ অধার্মিক উপদেষ্টার কথা শুনলেন এবং সদাপ্রভুর কাছ থেকে মুখ ফিরিয়ে নিলেন। যিহোয়াদা তাঁকে যে ঈশ্বরকে অনুসরণ করতে শিখিয়েছিলেন, তিনি তাঁকে পরিত্যাগ করলেন।

বাইবেল বলে:

**"তাঁহার পিতা যিহোয়াদা রাজার প্রতি যে দয়া করিয়াছিলেন, তাহা স্মরণ না করিয়া যোয়াশ রাজা তাঁহার পুত্রকে বধ করিলেন"** (২ বংশা ২৪:২২)।

- ♦ যে মানুষটি তাঁর প্রাণ বাঁচিয়েছিলেন, তাঁকে ভুলে যাওয়া হলো।
- ♦ যে পথপ্রদর্শক তাঁকে পরিচালনা করেছিলেন, তাঁকে ভুলে যাওয়া হলো।
- ♦ যে আত্মিক পিতা তাঁর পেছনে নিজের আত্মনিয়োগ করেছিলেন, তাঁকে ভুলে যাওয়া হলো।

এটি আমাদের সবার জন্য একটি সতর্কবার্তা।

অনেক মানুষ আজ যেখানে পৌঁছেছেন, তারা সেখানে দাঁড়িয়ে আছেন কারণ কেউ না কেউ তাদের পেছনে আত্মনিয়োগ করেছিলেন।

একজন পিতা-মাতা প্রার্থনা করেছিলেন।
একজন পালক শিক্ষা দিয়েছিলেন।
একজন বন্ধু উৎসাহিত করেছিলেন।
একজন পথপ্রদর্শক আত্মত্যাগ করেছিলেন।

কিন্তু সাফল্য আত্মিক স্মৃতিভ্রংশতা তৈরী করতে পারে। মানুষ যখন কোনো প্রভাবশালী অবস্থানে পৌঁছায়, তখন তারা সেই ব্যক্তিদের ভুলে যেতে পারে যারা তাদের উঠতে সাহায্য করেছিলেন।

আমাদের অবশ্যই মনে রাখতে হবে যে কেউ একা বড় হয় না।

একজন কৃতজ্ঞ বিশ্বাসী সেইসব মানুষদের সম্মান করেন যাদের ঈশ্বর তাঁর জীবনে বা যাত্রাপথে ব্যবহার করেছেন।

## ৩। বিস্মৃত বিশ্বস্ততা: নাবল এবং দাউদ

১ শমুয়েল ২৫

নাবল ছিলেন এক ধনী ব্যক্তি, যার হাজার হাজার মেষ ও ছাগল ছিল। তাঁর সমৃদ্ধি, সম্পদ এবং নিরাপত্তা ছিল।

কিন্তু তাঁর সাফল্যের পেছনে ছিল এক অদৃশ্য আশীর্বাদ: সুরক্ষা।

দাউদ এবং তাঁর লোকেরা যখন প্রান্তরে ছিলেন, তখন তাঁরা নাবলের রাখাল ও পালগুলোকে রক্ষা করেছিলেন। তাঁরা নাবলের সমস্ত সম্পদের চারপাশে নিরাপত্তার প্রাচীরের মতো ছিলেন। তাঁরা নাবলের কোনো সুযোগ নেননি বা তাঁর কাছ থেকে কিছু চুরিও করেননি।

যখন মেষের লোম ছাঁটার উৎসবের সময় এলো, দাউদ বিনীতভাবে কিছু খাবার বা রসদের অনুরোধ করার জন্য তাঁর সেবকদের পাঠালেন।

কৃতজ্ঞতা প্রকাশ করার পরিবর্তে নাবল অহংকার প্রকাশ করলেন। তিনি দাউদের পরিচয় নিয়ে প্রশ্ন তুললেন এবং দাউদ ও তাঁর লোকেরা যে সেবা করেছিলেন তা অস্বীকার করলেন।

নাবল সুরক্ষা উপভোগ করেছিলেন কিন্তু সুরক্ষাকারীকে ভুলে গিয়েছিলেন।

তিনি দাউদের বিশ্বস্ততা থেকে উপকৃত হয়েছিলেন কিন্তু তা স্বীকার করতে অস্বীকার করেছিলেন। এটি একটি সাধারণ মানবীয় প্রবণতা। মানুষ কী করতে ব্যর্থ হয়েছে আমরা প্রায়ই তা লক্ষ্য করি, কিন্তু তারা ইতিমধ্যে যা করেছে তা উপেক্ষা করি। আমরা কারও দয়ার সাথে অভ্যস্ত হয়ে পড়ি এবং তা প্রত্যাশা করতে শুরু করি। যা একসময় আমাদের অবাক করেছিল, তা সাধারণ হয়ে ওঠে।

পরিবারগুলো এর অভিজ্ঞতা অর্জন করতে পারে।
মণ্ডলীগুলো এর অভিজ্ঞতা অর্জন করতে পারে।
বন্ধুত্বগুলো এর অভিজ্ঞতা অর্জন করতে পারে।

- ☐ একজন স্বামী তাঁর স্ত্রীর ত্যাগ ভুলে যেতে পারেন, এবং একজন স্ত্রী তাঁর স্বামীর ত্যাগ ভুলে যেতে পারেন।
- ☐ সন্তানরা তাদের বাবা-মায়ের ত্যাগ ভুলে যেতে পারে।
- ☐ বিশ্বাসীরা তাদের পাশে দাঁড়ানো মানুষদের প্রার্থনা ভুলে যেতে পারে।

কৃতজ্ঞতার জন্য সচেতন স্মরণের প্রয়োজন।

ঈশ্বর যেন আমাদের তাদের মনে রাখতে সাহায্য করেন, যারা আমাদের আজকের অবস্থানে পৌঁছাতে এবং আমরা যা হয়েছি তা হতে সাহায্য করেছেন।


নহিমিয় বাইবেল কলেজসমূহ

চীপক্ এবং সন্তোষপুরম, ভেলাচেরী চেন্নাই

ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন! মাধ্যম: তামিল (আংশিক সময়), হিন্দি: (আংশিক সময়)

ঈশতত্বে ডিপ্লোমা

আন্তর্জাতিক খ্রীষ্টান নের্তৃবৃন্দ এবং সিনিয়র পাস্টরদের দ্বারা ৫০ বছর যাবৎ স্বীকৃত

শিক্ষাগত যোগ্যতা: ১০ম শ্রেণী এবং তদূর্দ্ধ

নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুন:

**The Chairman, Nehemiah Bible College.**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## ৪। বিস্মৃত স্বাধীনতা: গিদিয়োন এবং ইস্রায়েল

বিচারকর্তৃগণ ৮

গিদিয়োনের গল্প শুরু হয়েছিল ভয় দিয়ে। ঈশ্বর যখন তাকে ডেকেছিলেন তখন সে লুকিয়ে ছিল। সে নিজেকে দুর্বল ও তুচ্ছ মনে করেছিল, কিন্তু ঈশ্বর তাকে একজন পরাক্রমী যোদ্ধা হিসেবে দেখেছিলেন।

তখন সদাপ্রভুর দূত তাঁহাকে দর্শন দিয়া কহিলেন, **"হে বলবান বীর, সদাপ্রভু তোমার সহবর্ত্তী"** (বিচারকর্তৃগণ ৬:১২)।

গিদিয়োনের অনুগত্যের মাধ্যমে,ঈশ্বর ইস্রায়েলকে মিদিয়োনীয়দের হাত থেকে রক্ষা করেছিলেন। মাত্র ৩০০ জন লোক নিয়ে, গিদিয়োন বাইবেলে উল্লেখিত অন্যতম সর্বশ্রেষ্ঠ বিজয়ের অভিজ্ঞতা লাভ করেছিলেন।

ঈশ্বর গিদিয়োনের মাধ্যমে কাজ করেছিলেন বলে জাতিটি শান্তি উপভোগ করেছিল।

কিন্তু গিদিয়োনের মৃত্যুর পর, ইস্রায়েল তা দ্রুত ভুলে গিয়েছিল।

**বাইবেল বলে:**

**"আর যিনি চারিদিকের সমস্ত শত্রুর হস্ত হইতে তাহাদিগকে উদ্ধার করিয়াছিলেন, ইস্রায়েল-সন্তানগণ আপনাদের ঈশ্বর সেই সদাপ্রভুকে ভুলিয়া গেল"** (বিচারকর্তৃগণ ৮:৩৪)।

তারা গিদিয়োনের পরিবারের প্রতি দয়া দেখাতেও ব্যর্থ হয়েছিল।

লোকেরা বিজয়কে স্মরণ রেখেছিল কিন্তু ঈশ্বর গিদিয়োনের মাধ্যমে যে মুক্তি দিয়েছিলেন তা ভুলে গিয়েছিল।

এটি আমাদের সকলের জন্য বিপদ।

আমরা যাত্রাটি ভুলে গিয়ে কেবল ফলাফল উদযাপন করতে পারি। যিনি উত্তর দিয়েছেন তাকে ভুলে গিয়ে আমরা উত্তর পাওয়া প্রার্থনাগুলো উপভোগ করতে পারি।

ইস্রায়েলের সবচেয়ে বড় সমস্যা এটা ছিল না যে তাদের আশীর্বাদের অভাব ছিল। তাদের সমস্যা ছিল যে তারা সেই আশীর্ব্বাদের উৎসকে ভুলে গিয়েছিল।

প্রত্যেকটি আশীর্ব্বাদ আমাদের ঈশ্বরের নিকটবর্তী করা উচিত, তাঁর থেকে দূরে ঠেলে দেওয়া উচিত নয়।

দুর্ভাগ্যবশত, এটি বর্তমান বিশ্বের অন্যতম বড় চ্যালেঞ্জ। আমরা ঈশ্বরের কাছে আশীর্বাদ চাই, কিন্তু কখনও কখনও আমরা যে আশীর্বাদগুলো পাই, সেগুলোই আমাদের তাঁর কাছাকাছি আনার বদলে তাঁর থেকে দূরে সরিয়ে দিতে শুরু করে।

## ৫। বিস্মৃত আরোগ্যকারী: দশজন কুষ্ঠরোগী এবং আমাদের প্রভু ও ত্রাণকর্তা যীশু খ্রীষ্ট!

লূক ১৭

সম্ভবত বিস্মৃতির সবচেয়ে শক্তিশালী ছবিগুলোর একটি পাওয়া যায় দশজন কুষ্ঠরোগীর গল্পে।

কুষ্ঠরোগ ছিল একটি ভয়াবহ ব্যাধি। যারা এতে আক্রান্ত হতো, তাদের সমাজ থেকে আলাদা করে দেওয়া হতো, তারা স্বাভাবিক জীবনযাপন করতে পারত না এবং প্রায়শই তাদের একঘরে বা অস্পৃশ্য হিসেবে গণ্য করা হতো।

দশজন কুষ্ঠরোগী যীশুকে দেখে উচ্চস্বরে বলতে লাগলো:

**"যীশু, নাথ, আমাদিগকে দয়া করুন"** (লূক ১৭:১৩)।

যীশু খ্রীষ্ট করুণা দেখিয়েছিলেন এবং তাদের সবাইকে সুস্থ করেছিলেন।

- ১০টি জীবন পরিবর্তিত হয়েছিল।
- ১০ জন মানুষ দ্বিতীয় সুযোগ পেয়েছিল।
- ১০ জন মানুষ ঈশ্বরের শক্তি প্রত্যক্ষ করেছিল।
- কিন্তু কেবল একজনই ফিরে এসেছিল।

***যীশু খ্রীষ্ট জিজ্ঞাসা করেছিলেন:***

**"দশ জন কি শুচিকৃত হয় নাই? তবে সেই নয় জন কোথায়"** (লূক ১৭:১৭)?

এই নয়জন অলৌকিকভাবে আরোগ্য লাভ করেছিল, কিন্তু অলৌকিক ঘটনা সম্পাদনকারীকে ভুলে গিয়েছিল।

তারা আরোগ্য লাভ করেছিল কিন্তু ধন্যবাদ ও আরাধনা নিয়ে ফিরে আসতে ব্যর্থ হয়েছিল। তাদের সবচেয়ে বড় ক্ষতিটি শারীরিক ছিল না—তা ছিল আত্মিক। যীশু খ্রীষ্ট তাদের জন্য যা করেছিলেন, তার স্বীকৃতি দেওয়া ও তাঁকে সম্মান জানানোর সুযোগটি তারা হারিয়েছিল।

আমরাও কতবার এমনটাই করে থাকি?

আমাদের যখন সাহায্যের প্রয়োজন হয়, তখন আমরা ব্যাকুল হয়ে ডাকি। বিপদে পড়লে আমরা ঈশ্বরকে খুঁজি। আমরা জোগান, আরোগ্য, সঠিক দিকনির্দেশনা এবং সংকটের মধ্য থেকে মুক্তির জন্য প্রার্থনা করি।

কিন্তু যখন উত্তর আসে, তখন কি আমরা ধন্যবাদ নিয়ে ফিরে আসি?

ঈশ্বরের আমাদের কৃতজ্ঞতার প্রয়োজন নেই; কিন্তু আমাদের কৃতজ্ঞতার প্রয়োজন রয়েছে, কারণ এটি আমাদের হৃদয়কে তাঁর সাথে যুক্ত রাখে এবং প্রতিটি আশীর্ব্বাদের উৎসের কথা মনে করিয়ে দেয়।

(ক্রমশঃ ৯ পৃষ্ঠায়)


বিনামূল্যে মাসিক পত্রিকা

**আহ্বানের প্রতিধ্বনি**

লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।



**TAX EXEMPTION**

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | | |
|---|---|---|
| **Account Name** | : | **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : | **1023 2923 805** |
| **Bank Name** | : | **STATE BANK OF INDIA** |
| **Branch** | : | **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : | **SBIN 0000249** |
| **SWIFT Code** | : | **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## আমাদের সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের ইতিহাস

..." *সে ছড়াইয়া দিয়াছে, দরিদ্রদিগকে দান করিয়াছে, তাহার ধার্মিকতা চিরস্থায়ী।*

***আর যিনি বপনকারীকে বীজ ও আহারের জন্য খাদ্য যোগাইয়া থাকেন, তিনি তোমাদের বপনের বীজ যোগাইবেন এবং প্রচুর করিবেন, আর তোমাদের ধার্ম্মিকতার ফল বৃদ্ধি করিবেন"*** (২ করিন্থীয় ৯:৯,১০)।

প্রায় ২৮ বছর আগে, আমাদের **সেণ্ট পলস ম্যাট্রিকুলেশন স্কুল** বর্তমানে যে গ্রামে অবস্থিত, সেখানে আমি বহু দরিদ্র শিশুকে উদ্দেশ্যহীনভাবে ঘুরে বেড়াতে দেখেছিলাম। চরম দারিদ্রের কারণে এই শিশুদের বেশির ভাগই স্কুলে যেতে পারতো না।

সেই সময়ে, আমরা আমাদের বাইবেল করেসপণ্ডেন্স কোর্স, **"নিউ লাইফ ফর ইউ"** এর পাঠ ব্যবহার করে ইংরেজি এবং তামিল উভয় ভাষাতেই **বাইবেলকোর-স্বল্পমেয়াদী ডাকমারফৎ সার্টিফিকেট পাঠক্রম** নামে বাইবেল চর্চার আয়োজন করেছিলাম। প্রতিটি দলে প্রায় একশত সুবিধা বঞ্চিত শিশু থাকতো এবং বিভিন্ন জায়গায় এই ধরণের একাধিক দল ছিল। তাদের উপস্থিতি বাড়াতে ও উৎসাহিত করতে আমরা তাদের জলখাবারের ব্যবস্থা করতাম। ধীরে ধীরে, শিশুরা সহজ ইংরেজি শব্দ এবং খ্রীষ্টিয় সংগীত শিখতে শুরু করে। যখন তারা বাড়িতে এই গানগুলো গাইতো, তখন তা তাদের বাবা-মায়ের জন্য এক অপার আনন্দ নিয়ে আসতো।



সেই সময় প্রভু আমার হৃদয়ে সেই গ্রামের এই দরিদ্র শিশুদের জন্য একটি ইংরেজি মাধ্যম স্কুল স্থাপন করার অনুপ্রেরণা দেন।

**"কারণ ঈশ্বরই আপন হিতসঙ্কল্পের নিমিত্ত তোমাদের অন্তরে ইচ্ছা ও কার্য্য উভয়ের সাধনকারী"** (ফিলিপীয় ২:১৩)।

প্রভু আমার একজন প্রিয় বন্ধু, মিঃ স্যাম ড্যানিয়েলের মাধ্যমে এই দর্শনের নিশ্চয়তা দেন, এবং এইভাবে '**সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুল**' প্রতিষ্ঠিত হয়।

প্রথম দিকের বছরগুলো বহু চ্যালেঞ্জে ভরা ছিল। আমাকে প্রায় একাই বিশাল আর্থিক কাঠখড় পোহাতে হয়েছিল। যদিও অনেক অভিভাবক আগ্রহের সাথে তাদের শিশুদের আমাদের স্কুলে ভর্তি করিয়েছিলেন, শিক্ষক কর্মীদের মাসিক বেতন দেওয়া একটি নিয়মিত সংগ্রামে পরিণত হয়েছিল।

যাইহোক, যখনই আমি সেই দরিদ্র শিশুদের হাসিমুখগুলো দেখতাম, যারা আমাকে ইংরাজীতে সম্ভাষণ জানাতো এবং আনন্দের সঙ্গে ইংরাজী স্তোত্র গাইত, আমি প্রতিটি কষ্ট সত্ত্বেও এই সেবা কাজ চালিয়ে যাওয়ার নতুন শক্তি ও সংকল্প পেতাম।

আমার স্ত্রী এবং আমি আমাদের ব্যক্তিগত খরচ যতটা সম্ভব কমিয়ে দিয়েছিলাম যাতে আমাদের শিক্ষাগত সহায়তা কর্মসূচির মাধ্যমে দরিদ্র শিশুদের শিক্ষার ব্যবস্থা করতে পারি। যদিও দুজন সদয় ভাই স্কুল ভবন নির্মাণে সাহায্য করেছিলেন, কিন্তু স্কুলের দৈনন্দিন পরিচালনা বজায় রাখার জন্য কেউ এগিয়ে আসেনি। ফলে, বহুবার আমরা শিক্ষক ও কর্মীদের বেতন দেওয়ার জন্য আমাদের ব্যক্তিগত জিনিসপত্র এবং এমনকি গহনা বিক্রি করতে বাধ্য হয়েছিলাম।



কয়েক বছর আগে, হাসপাতালে ভর্তি হওয়া আমার এক বন্ধুকে দেখতে যাওয়ার সুযোগ পেয়েছিলাম। তবে, আমি নির্ধারিত দর্শনের সময়ের বাইরে পৌঁছাই, তাই কিছুটা দ্বিধা নিয়েই হাসপাতালের ভেতরে হেঁটে যাচ্ছিলাম।



আমি যখন করিডোর দিয়ে যাচ্ছিলাম, প্রধান ডাক্তারসহ একাধিক ডাক্তার বিপরীত দিক থেকে এগিয়ে আসছিলেন। অজান্তেই, আমি নিজেকে ইন্টেন্সিভ কেয়ার ইউনিটের কাছে তাদের যাওয়ার পথে দাঁড়িয়ে থাকতে দেখি। বিব্রত ও অপ্রস্তুত বোধ করে, আমি দ্রুত সরে গিয়ে এক কোণায় দাঁড়িয়ে বললাম, "আমি দুঃখিত।"

আমার দারুণ বিস্ময় জাগিয়ে, ডাক্তারদের মধ্যে একজন তড়িঘড়ি করে আমার দিকে এগিয়ে এলেন, আমার সামনে হাঁটু গেড়ে বসলেন, আমার পা জড়িয়ে ধরে কাঁদতে লাগলেন।




তিনি বললেন,

"স্যার, আমি একটি অশিক্ষিতএবং দরিদ্র পরিবার থেকে এসেছি। আমার পড়াশোনায় অনেক কষ্ট হতো। তবুও আপনি আমাকে 'সেন্ট পলস ম্যাট্রিকুলেশন স্কুলে' ভর্তি করিয়েছিলেন। আপনি আমাকে বিনামূল্যে শিক্ষা, ইউনিফর্ম,খাবার এবং প্রয়োজনীয় সমস্ত সাহায্য দিয়েছিলেন। আমি কোনো স্কুলের ফি দিইনি,কিন্তু আপনার দয়ার কারণে আমি আমার স্কুল জীবন শেষ করতে পেরেছিলাম। পরবর্তীতে, আমি মেডিকেল নিয়ে পড়াশোনা করি এবং আজ, ঈশ্বরের অনুগ্রহে আমি একজন মেডিকেল ডাক্তার। স্কুলেই যে আধ্যাত্মিক ভিত্তি আমি পেয়েছিলাম, তা আজও আমার জীবনকে পরিচালিত করছে এবং এখন আমি আমার সহকর্মী ডাক্তারদের সঙ্গে সুসমাচার সহভাগিতা করি।"

উপস্থিত সবাই গভীরভাবে অভিভূত হয়েছিলেন। ঈশ্বর সেই যুবকটির জীবনে যে চমৎকার কাজ সম্পন্ন করেছেন, তা দেখে আমরা বিস্ময়ে দাঁড়িয়ে রইলাম। ডাক্তাররা আমাকে খুব শ্রদ্ধার সঙ্গে চিকিৎসা করেছিলেন, কিন্তু সমস্ত মহিমা কেবল ঈশ্বরেরই প্রাপ্য।

আমাদের স্কুল থেকে এইরকম আরও অনেক সাক্ষ্য রয়েছে। সর্বশক্তিমান প্রভুর ওপর অবিচল বিশ্বাসের মাধ্যমেই আমরা এই সেবা কাজ চালিয়ে যেতে সক্ষম হয়েছি।

আজ সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে ৫০০ জনেরও বেশি শিক্ষার্থী পড়াশোনা করছে। এলাকার সমস্ত স্কুলের মধ্যে আমাদের স্কুলটি **'সেরা স্কুল পুরস্কারের'** জন্য নির্বাচিত হয়েছিল, যা ২০০৮ সালের ২৪ শে ডিসেম্বর প্রাক্তন খাদ্যমন্ত্রীর উপস্থিতিতে প্রাক্তন শিক্ষামন্ত্রী প্রদান করেছিলেন।

আমাদের প্রার্থনা যে, ঈশ্বর যেন এই সেবাকাজের মাধ্যমে আরও অনেক জীবনকে রূপান্তরিত করতে থাকেন—শিশুদের দারিদ্র ও হতাশার গভীরতা থেকে আশা, উদ্দেশ্য এবং আশীর্বাদময় জীবনে নিয়ে আসেন।

***"কেননা আমি ক্ষুধিত হইয়াছিলাম, আর তোমরা আমাকে আহার দিয়াছিলে; পিপাসিত হইয়া ছিলাম, আর আমাকে পান করাইয়াছিলে; অতিথি হইয়াছিলাম, আর আমাকে আশ্রয় দিয়াছিলে; বস্ত্রহীন হইয়াছিলাম, আর আমাকে বস্ত্র পরাইয়াছিলে; পীড়িত হইয়াছিলাম, আর আমার তত্ত্বাবধান করিয়াছিলে; কারাগারস্থ হইয়াছিলাম, আর আমার নিকটে আসিয়াছিলে।***

***তখন ধার্মিকেরা উত্তর করিয়া তাঁহাকে বলিবে, প্রভু, কবে আপনাকে ক্ষুধিত দেখিয়া ভোজন করাইয়াছিলাম, কিম্বা পিপাসিত দেখিয়া পান করাইয়াছিলাম? কবেই বা আপনাকে অতিথি দেখিয়া আশ্রয় দিয়াছিলাম, কিম্বা বস্ত্রহীন দেখিয়া বস্ত্র পরাইয়াছিলাম? কবেই বা আপনাকে পীড়িত কিম্বা কারাগারাস্থ দেখিয়া আপনার নিকটে গিয়াছিলাম?***

***তখন রাজা উত্তর করিয়া তাহাদিগকে বলিবেন, আমি তোমাদিগকে সত্য কহিতেছি, আমার এই ভ্রাতৃগণের—এই ক্ষুদ্রতমদিগের— মধ্যে এক জনের প্রতি যখন ইহা করিয়াছিলে, তখন আমারই প্রতি করিয়াছিলে"*** (মথি ২৫:৩৫- ৪০)।

************

*(ক্রমশঃ ৭ পৃষ্ঠার পর থেকে)*

## যে হৃদয় স্মরণ রাখে!

***বাইবেল বারবার ঈশ্বরের লোকদের স্মরণ করার আহ্বান জানায়:***

- তাঁর বিশ্বস্ততা স্মরণ করো।
- তাঁর প্রতিজ্ঞাগুলি স্মরণ করো।
- তাঁর মঙ্গলভাব স্মরণ করো।
- তিনি যাদের আমাদের জীবনে দিয়েছেন, তাঁদের স্মরণ করো।
- সর্বোপরি, যে প্রভু আমাদের আশীর্বাদ করেছেন ও টিকিয়ে রেখেছেন, তাঁকে স্মরণ করো।

বিস্মৃতি অহংকারের দিকে নিয়ে যায়;আর স্মরণ করা আমাদের আরাধনার দিকে নিয়ে যায়।

পানপাত্র বাহক যোষেফের দয়া ভুলে গিয়েছিল।
যোয়াশ যিহোয়াদার দিকনির্দেশনা ভুলে গিয়েছিল।
নাবল দাউদের সুরক্ষা ভুলে গিয়েছিল।
ইস্রায়েল গিদিয়োনের উদ্ধার বা মুক্তি ভুলে গিয়েছিল।
নয়জন কুষ্ঠরোগী যীশু খ্রীষ্টের দয়া ভুলে গিয়েছিল।

আমরা যেন তাদের ভুলগুলো থেকে শিক্ষা নিতে পারি।

আসুন আমরা এমন মানুষ হয়ে উঠি যারা মনে রাখে।

মনে রাখুন সেই পিতামাতাকে যিনি আপনার জন্য ত্যাগ স্বীকার করেছেন
মনে রাখুন সেই শিক্ষককে যিনি আপনাকে উৎসাহিত করেছেন
মনে রাখুন সেই বন্ধুকে যিনি আপনার পাশে দাঁড়িয়েছিলেন
মনে রাখুন ঈশ্বরের সেই দাসকে যিনি আপনার জন্য প্রার্থনা করেছিলেন।

আর সবার উপরে, মনে রাখুন আমাদের প্রভু ও ত্রাণকর্তা যীশু খ্রীষ্টকে — যিনি আমরা পাপে নিমজ্জিত থাকা সত্ত্বেও আমাদের জন্য নিজের জীবন উৎসর্গ করেছেন; যিনি আমাদের নিঃশর্তভাবে ভালোবেসেছেন; যিনি আপনার ও আমার জন্য মৃত্যুবরণ করেছেন এবং পুনরুত্থিত হয়েছেন; এবং যিনি আমাদের সঙ্গে অনন্তকাল বসবাস করার জন্য আবার আসছেন।

সবচেয়ে বড় বিপদ কেবল মানুষকে ভুলে যাওয়া নয়। সবচেয়ে বড় বিপদ হলো ঈশ্বরকে ভুলে যাওয়া।

আমাদের জীবন যেন সর্বদা এমন এক কৃতজ্ঞ হৃদয়ে পূর্ণ থাকে, যা চলার পথের প্রতিটি ভালো উপহার এবং প্রতিটি বিশ্বস্ত হাতকে ঈশ্বর যেভাবে ব্যবহার করেছেন তা স্বীকার করে।

আসুন আমরা তাঁকে কখনো ভুলে না যাই যাঁর কাছ থেকে সমস্ত আশীর্বাদ বর্ষিত হয়।

**"হে আমার প্রাণ, সদাপ্রভুর ধন্যবাদ কর, তাঁহার সকল উপকার ভুলিয়া যাইও না"** (গীত ১০৩:২)।

************

### বিজ্ঞপ্তি

আপনার মোবাইল ফোনে আমাদের প্রধান ফোন নম্বরগুলি সেভ করে রাখুন।

(+91) 98410 71858,
(+91) 98412 71858

— সম্পাদক

Posted at "Egmore RMS Patrika Channel" RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

Branch : **Triplicane, Chennai-5**
Name : **S. Sam Selva Raj**
A/C No. : **1023 2934 679**
IFSC : **SBIN 00 00 249**
SWIFT CODE : **SBI NIN BB 455**

### *2. Bank : ICICI Bank*

Branch : **Anna Salai, Chennai-6**
Name : **Echo of His Call**
A/C No. : **6038 0502 2319**
IFSC : **ICIC 000 6038**

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

Branch : **Triplicane, Chennai-5**
Name : **Echo of His Call Educational Trust**
A/C No. : **1023 2923 805**
IFSC : **SBIN 00 00 249**

## OUR QR CODE:

ECHO OF HIS CALL

Scan to pay with any UPI app

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য : ১০০ টাকা** **আজীবন গ্রাহক মূল্য : ২,০০০ টাকা**

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :


## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA.
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.org


**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**


RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/24-26
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS Patrika Channel"
on 15th SEPTEMBER 2026
If un-delivered please return to:
**ECHO OF HIS CALL (BENGALI)**
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766


*JESUS LOVES YOU!*

To

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**